

নলছিটিতে ১২ পরীক্ষার্থীকে বহিষ্কার করায় ভিজিলেন্স টিমের ওপর হামলা

কালকাঠি, ৭ জুন, নিজস্ব সংবাদদাতা : জেলার নলছিটি উপজেলা সদরে শনিবার বেলা ১১টায় বরিশাল শিকা বোর্ডের ভিজিলেন্স টিমের উপর হামলা হয়েছে। এতে বোর্ডের গাড়ি ক্ষতিগ্রস্ত হয়। হামলার এক পর্যায়ে বোর্ডের পুরো টিম ক্ষতিগ্রস্ত গাড়ি নিয়ে থানায় আশ্রয় নিতে বাধ্য হয়েছে। টিম এই কেন্দ্রে ১২ জন

পরীক্ষার্থীকে বহিষ্কার করে উপজেলার মোস্তারহাট কেন্দ্রে যাওয়ার সময় একদল উদ্ভ্রমল লোক এই টিমের উপর হামলা চালায়। পুলিশ এই ঘটনায় কাউকে গ্রেফতার করেনি। এই কেন্দ্রে নকল প্রতিরোধ করতে গিয়ে টিএনওর গাড়িও জংচুর করা হয়েছিল। জেলা প্রশাসন ঘটনার সত্যতা স্বীকার করেছে।